ভোরের কাগজ

তারিখ ... 23 MAY 1998
পৃষ্ঠা ১২ কলাম ৫

## সোমবার পর্যন্ত ক্লাস বন্ধ ঘোষণা

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমস্যা সমাধানে আলোচনা চলছে

চট্টগ্রাম অফিস : আলাপ-আলোচনার মাধ্যমে আগামী সোমবারের মধ্যেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিরাজমান সমস্যা সমাধানের জন্য কর্তৃপক্ষ ঐদিন পর্যন্ত সকল ক্লাস বন্ধ ঘোষণা করেছে। ক্যাম্পাসের বিরাজমান পরিস্থিতির কারণে ভর্তি পরীক্ষার ফরম গ্রহণের সময়সীমাও বর্ধিত করা হয়েছে আগামী ৩১ মে পর্যন্ত।

উপউপাচার্য প্রফেসর ড. আবু ইউসুফ ক্যাম্পাসে পৌছার পরপরই সকল ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে বৈঠকের সিদ্ধান্ত নেন। সিদ্ধান্ত মোতাবেক গত বৃহস্পতিবার রাত ৮টা থেকে পৌনে ১১টা পর্যন্ত শহরে ছাত্রশিবিরের সঙ্গে বৈঠক করেছেন বিশ্ববিদ্যালয়ের পাঁচ সদস্যের সমঝোতা কমিটি। সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার ব্যাপারে ছাত্রশিবির কিছুটা নমনীয় হয়েছে। আজ শনিবারও তাদের সঙ্গে বৈঠক হতে পারে সমঝোতা কমিটির। কমিটি ছাত্রদলের সঙ্গেও আজ পৃথক বৈঠকে বসবে। গতকাল শুক্রবার ছাত্রলীগের সঙ্গে বৈঠক হওয়ার কথা ছিল। রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত এ ব্যাপারে কিছু জানা যায়নি।

আজকের বৈঠক ফলপ্রসূ হলে ছাত্রশিবির তাদের ২৪ ও ২৫ মে ৪৮ ঘন্টার হরতাল প্রত্যাহার করে নিতে পারে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশা করছে প্রত্যেক ছাত্র সংগঠন নমনীয় হয়ে সোমবারের মধ্যে তাদের স্ব স্ব কর্মসূচি প্রত্যাহার করে নেবে। এ ব্যাপারে উপ-উপাচার্য ড. আবু ইউসুফ গতকাল সন্ধ্যায় ভোরের কাগজকে বলেন, 'ছাত্র নেতাদের সঙ্গে আলোচনা করার সুবিধার্থে তিনদিন (শনি থেকে সোমবার) ক্লাস সাসপেণ্ড করেছি। আজ থেকে বিশ্ববিদ্যালয়ের বাস ও ট্রেন স্বাভাবিক গতিতে চলবে। কেউ যানবাহনে হামলা করবে না।'

এদিকে মেধাবী ছাত্র মুশফিক হত্যার প্রতিবাদে আজ শনিবার ক্যাম্পাস ও শহরে দুটি পৃথক র‍্যালি বের করা হবে। মুশফিকের বন্ধুগণ তথা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তার ছেলেরা আজ সকালে ক্যাম্পাসে মৌন মিছিলের আয়োজন করেছে। বিকাল ৪টায় চট্টগ্রাম শহীদ মিনার থেকে অন্য একটি শোক র‍্যালি বের করবে চ.বি. সাংস্কৃতিক জোট।